দৈনিক খবর

12 SEP 1988
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা... ৭ ... ... কলাম... ৭ ... ...

২৮

# যুব সমাজ এক নতুন ইতিহাস সৃষ্টি করেছে ——— শিক্ষামন্ত্রী

।। স্টাফরিপোর্টার ।।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম দেশ গড়ার জন্য যুব সমাজকে সঠিক নেতৃত্ব দানে ঐক্যবদ্ধ কাজ করার আহবান জানিয়ে বলেছেন, রাষ্ট্রপতি এরশাদের নেতৃত্বে এ দেশের যুব সমাজ যুব সংহতির পতাকাতলে সমবেত হয়ে দেশ গড়া ও উৎপাদনের রাজনীতির এক নতুন ইতিহাসের সৃষ্টি করেছে।

গতকাল সোমবার ঘিওর উপজেলা যুব সংহতি অয়োজিত এক কর্মী সমাবেশে তিনি বক্তৃতা করছিলেন। তুষার কান্তি সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত এই কর্মী সভায় বক্তৃতা করেন মানিকগঞ্জ জেলা পরিষদের চেয়ারম্যান সিদ্দিকুর রহমান এমপি স ম আবদুস সালাম, আবুল কালাম আজাদ প্রমুখ।